

বাজিতপুর উপজেলার ওএমএস সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোছাঃ মোরশেদা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ।

তারিখঃ ৩১/০৮/২০২২ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট: ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর কে আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, খাদ্য অধিদপ্তরে ২৯/০৮/২০২২ খ্রিঃ তারিখের ৬২৮ নং স্মারক মোতাবেক জনসাধারণকে খাদ্য মূল্য সহায়তা প্রদানের লক্ষ্যে এবং চাল ও আটার বাজার মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্ত আগামী ০১ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ হতে দেশব্যাপী ওএমএস কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সপ্তাহে ৫ (পাঁচ) দিন (শুক্র ও শনিবার ব্যতীত) চাল ও আটা বিক্রি কার্যক্রম (সেপ্টেম্বর, অক্টোবর, ও নভেম্বর/২০২২) ৩ (তিন) মাস (প্রতিমাসে সর্বোচ্চ ২২ দিন হিসেবে) অনুমোদিত হয়েছে। বাজিতপুর উপজেলায় ০৩ (তিন) জন নিয়মিত ওএমএস ডিলারের মাধ্যমে তিনটি পয়েন্টে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিক্রয় কার্যক্রম চলমান থাকবে।

সভায় নিম্নে উল্লিখিত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

১. প্রতি কেজি চালের মূল্য ৩০ টাকা হিসেবে ০১ (এক) জন সর্বোচ্চ ০৫ (পাঁচ) কেজি চাল ক্রয় করতে পারবেন।
২. ওএমএস কার্যক্রমে টিসিবি'র কার্ডধারীগণকে সমন্বয় করে খাদ্যশস্য বিতরণ করতে হবে।
৩. ওএমএস কার্যক্রমে চাল বিক্রয় করার জন্য ক্রেতাদের ২ (দুই) টি পৃথক লাইন করতে হবে। একটি লাইনে সাধারণ ক্রেতাগণ এবং অপর লাইনে টিসিবি'র কার্ডধারীগণ দাঁড়াবেন।
৪. টিসিবি'র কার্ডধারীগণকে অগ্রাধিকার ভিত্তিতে চাল প্রদান করতে হবে। ডিলারের নিকট সংশ্লিষ্ট দিনের চালের বরাদ্দ শেষ হয়ে গেলে পরবর্তীতে আসার অনুরোধ জানাতে হবে।
৫. টিসিবি'র কার্ডধারীগণ পাক্ষিক ৫ কেজি করে মাসে ২ (দুই) বার মোট ১০ কেজি চাল ক্রয় করতে পারবেন। টিসিবি'র কার্ডধারীগণকে চাল প্রদানের পর ওএমএস ডিলারগণ টিসিবি'র কার্ডের পিছনে নমুনা সীল/পাক্ষিক মেশিন দিয়ে কার্ডের উপরে প্রতিবারের জন্য ১টি ছিদ্র করে দিবেন।
৬. তদারকি কর্মকর্তা বিক্রয় স্থলে দিনের বিক্রয়যোগ্য খাদ্যশস্যের বস্তা ও পরিমাণ সম্পর্কে সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দিবেন।
৭. জনপ্রতি নির্ধারিত পরিমাণ চাল/আটা বিক্রয় ও বিক্রিত খাদ্যশস্যের মাস্টার রোল ডিলারগণ তৈরি করে সংরক্ষণ করবেন।

৮. প্রথম পর্যায়ে প্রচারের জন্য বিক্রয় কেন্দ্রের কমান্ড এরিয়াতে ঢোল শহরত ও মাইকিং এর ব্যবস্থা করতে হবে যাতে সাধারণ মানুষ জানতে পারে।
৯. খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ এর সকল নির্দেশাবলি/নিয়ামাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(মোছাঃ মেরাশেদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ওএমএস ডিলার নিয়োগ কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্মারক নং:

তারিখঃ ৩১/০৮/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জনাব আলহাজ্ব মোঃ আফজাল হোসেন, মাননীয় জাতীয় সংসদ, কিশোরগঞ্জ- ৫।

০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, ও সভাপতি, উপজেলা ওএমএস কমিটি, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৭। মেয়র, বাজিতপুর পৌরসভা, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৮। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি, বাজিতপুর, কিশোরগঞ্জ।

০৯। উপজেলা শিক্ষা অফিসার ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১০। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ। (অফিস আদেশটি সরকারী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

১১। জনাব.....(মেনোনীত সদস্য) ওএমএস কমিটি, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজিতপুর খাদ্য গুদাম, বাজিতপুর, কিশোরগঞ্জ।

১৩। অফিস কপি।



(তৌহিদুল ইসলাম রিয়াদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বাজিতপুর, কিশোরগঞ্জ।

ও

সদস্য সচিব

উপজেলা ওএমএস কমিটি,
বাজিতপুর, কিশোরগঞ্জ।